



অভ্যন্তরীণ নিয়োগ বিজ্ঞপ্তি

পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র ১৯৮৬ সালে প্রতিষ্ঠিত জাতীয় পর্যায়ে একটি অন্যতম বেসরকারী সংস্থা (NGO) যা MRA এর লাইসেন্স প্রাপ্ত এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর শ্রেষ্ঠ সহযোগী সংস্থা হিসাবে পুরস্কারপ্রাপ্ত। “পদক্ষেপ” এর অভীষ্ট জনগোষ্ঠীর জীবনযাত্রার গুণগত মান উন্নয়নে সমন্বিত উন্নয়ন কৌশল অবলম্বন করে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে যার মধ্যে রয়েছে ক্ষুদ্রঋণ, স্বাস্থ্য, শিক্ষা, শিশু উন্নয়ন, কৃষি, মৎস্য ও পশুসম্পদ, পুষ্টি, HIV/AIDS, পানি ও পয়ঃ নিষ্কাশন, সৌরবিদ্যুৎ ইত্যাদি। দাতা সংস্থা পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় পদক্ষেপ কর্তৃক পরিচালিত সুরমা ইউনিয়ন, সুনামগঞ্জ জেলায় বসবাসকারী লক্ষিত জনগোষ্ঠীর জীবনযাত্রার গুণগত মান উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে বাস্তবায়নরত “সমৃদ্ধি কর্মসূচী” এর আওতায় প্রকল্প সময়কালের জন্য নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে NGO এর কার্যক্রমকে পেশা হিসেবে গ্রহণ করার মানসিকতা, পরিশ্রমী ও ইতিবাচক মনোভাব সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে “নির্বাহী পরিচালক, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রধান কার্যালয়, ঢাকা-১২০৭” এর বরাবর দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

পদের নাম : সমৃদ্ধি এমআইএস কর্মকর্তা

পদ সংখ্যা : ০১ টি

কর্মস্থল : সুরমা ইউনিয়ন, সুনামগঞ্জ সদর উপজেলা।

প্রার্থীর বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা : সর্বোচ্চ ৩২ বছর। যে কোন বিষয়ে স্নাতক বা সমমান পাশ। হিসাব ব্যবস্থাপনা ও এমআইএস সংক্রান্ত কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। কম্পিউটারে MS Word, MS Excel, MS Power Point এর কাজ জানা আবশ্যিক। **মাসিক বেতন :** ১৪,০০০/-টাকা। এছাড়া সমৃদ্ধি কর্মসূচীর নিয়মানুযায়ী অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন।

দায়িত্বের সংক্ষিপ্ত বিবরণ : কর্মসূচীভুক্ত উপকারভোগীদের প্রোফাইল তৈরী ও নিয়মিত হালনাগাদ করা। সরকারের ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্রের সাথে সুসম্পর্ক ও সমন্বয় রেখে উপকারভোগীদের কাজিত সেবা প্রাপ্তি নিশ্চিত করা। কর্ম এলাকার সকল সরকারী ও বেসরকারী অবকাঠামো যেমন- স্কুল, কলেজ, মসজিদ, মাদ্রাসা, মন্দির, হাট-বাজার, রাস্তা-ঘাট, ব্রিজ-কালভার্ট প্রভৃতির তথ্য সংরক্ষণ করা। কর্মসূচীর আওতায় চলমান সকল কার্যক্রমের তথ্য লিপিবদ্ধ করা। কার্যক্রমের নিয়মিত অনসাইট ও অফসাইট মনিটরিং করা। কর্মসূচী সংশ্লিষ্ট বিভিন্ন ধরনের প্রতিবেদন প্রস্তুত করা। সর্বোপরি, সমৃদ্ধি কর্মসূচীর হিসাব ও তথ্য ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পাদন করা।

পদের নাম : উদ্যোগ উন্নয়ন কর্মকর্তা

পদ সংখ্যা : ০১ টি

কর্মস্থল : সুরমা ইউনিয়ন, সুনামগঞ্জ সদর উপজেলা।

প্রার্থীর বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা : সর্বোচ্চ ৩২ বছর। কৃষি বিষয়ে ডিপ্লোমা বা সমমানের ডিগ্রী। কৃষি ও প্রাণী সম্পদ উন্নয়ন সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। **মাসিক বেতন :** ১৪,০০০/-টাকা। এছাড়া সমৃদ্ধি কর্মসূচীর নিয়মানুযায়ী অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন।

দায়িত্বের সংক্ষিপ্ত বিবরণ : কর্ম এলাকায় কৃষি/প্রাণী সম্পদ ভিত্তিক উপযোগী আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের (যেমন: বসত ভিটায় শাক-সবজী, ঔষধি গাছের চাষ, গবাদি পশু, হাঁস-মুরগী, মৎস্য খামার প্রভৃতি) সম্ভাবতা যাচাই, বাস্তবায়ন ও এসবের উৎপাদিত পণ্য বাজারজাতকরণে সহায়তা করা। গুণগত মান সম্মত কৃষি ও শস্য উৎপাদন এবং প্রাণী সম্পদ পালনের ক্ষেত্রে উপকারভোগীদেরকে প্রয়োজনীয় পরামর্শ, প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা প্রদান করা। উপকারভোগীদের গবাদিপশু ও হাঁস-মুরগীর টিকা, টিকাবীজ, ঔষধ ও চিকিৎসা সেবা নিশ্চিত করা। উপকারভোগীদের জন্য উন্নত সার, বীজ, কীটনাশক, পশু-পাখি-মৎস্য খাদ্য এবং বিভিন্ন আধুনিক কৃষি প্রযুক্তি/উপকরণ প্রাপ্তির লক্ষ্যে স্থানীয় সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের সাথে নিয়মিত যোগাযোগ রাখা। সম্পাদিত কাজের প্রতিবেদন প্রস্তুত করা। সর্বোপরি, উপকারভোগীদের কৃষি ও প্রাণী সম্পদ উৎপাদন কাজে সার্বিক সহযোগিতা করা।

আবেদনের নিয়মাবলী ও শর্তাবলী : ক) আগ্রহী প্রার্থীদের A-4 সাইজের সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্র ও জীবনবৃত্তান্ত (আপনাকে চিনবেন এমন দুই জন বিশিষ্ট ব্যক্তির নাম,ঠিকানা ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক), সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি স্পষ্ট রঙিন ছবি (ল্যাব প্রিন্ট), সকল শিক্ষাগত যোগ্যতা, প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ/ছাড়পত্র, স্থায়ী ঠিকানার স্বপক্ষে নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত সহ **আগামী ১৭/১১/২০১৭ খ্রিষ্টাব্দ তারিখ বিকাল ৫টার মধ্যে “নির্বাহী পরিচালক, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রধান কার্যালয়, বাড়ী নং ৫৪৮, রোড নং ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় সরাসরি বা ডাকযোগের মাধ্যমে পৌঁছাতে হবে।** খ) খামের উপর পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে। গ) যোগ্য প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষার সময়সূচী দরখাস্তে (সিভিতে) প্রদত্ত মোবাইল নম্বরে অবহিত করা হবে। ঘ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর প্রধান অভিভাবক কর্তৃক ৩০০/- টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্প লিখিত অঙ্গীকারনামা প্রদান করতে হবে। এছাড়া প্রার্থীর আপনজন/আত্মীয়দের মধ্য থেকে আরো দুইজন ব্যক্তিকে (সরকারী/আধা সরকারী/বেসরকারী চাকুরীজীবী) সংস্থার নির্ধারিত ফরমে গ্যারান্টার হতে হবে। ঙ) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না। চ) যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিল এবং নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংযোজন/শিথিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। ছ) কোন প্রার্থী কোন ক্ষেত্রে মিথ্যা তথ্য প্রদান করলে নিয়োগ পাবার পরও যে কোন সময় তার নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন। জ) অধ্যয়নরতদের আবেদন করার প্রয়োজন নেই।